তারিখ ... 13 FEB 2017 ...

# দুই শিক্ষকের হাতাহতি ॥ স্কুল বন্ধ

**স্টাফ রিপোর্টার, দিনাজপুর ।** বীরগঞ্জ উপজেলায় কমিটি গঠন নিয়ে দ্বন্দ্বের কারণে দুই শিক্ষকের মধ্যে হাতাহতি ও জুতাপেটার ঘটনা ঘটেছে। এসব ঘটনার পর ভয়ে স্কুল ছেড়ে পালিয়েছে কোমলমতি ছাত্রছাত্রীরা, যার কারণে চার দিন ধরে স্কুলটি বন্ধ রয়েছে। অজ্ঞাত কারণে স্কুল কর্তৃপক্ষ এ ব্যাপারে নীরব ভূমিকা পালন করছে।

উপজেলার পাল্টাপুর ইউনিয়নের উত্তর সাদুল্লাপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির মেয়াদপূর্তির কারণে কমিটির কার্যক্রম শেষ হয়। অভিযোগ রয়েছে, প্রধান শিক্ষক নুরুল ইসলাম খান স্কুল পরিচালনা কমিটির সভাপতি করার প্রতিশ্রুতিতে মশিউর রহমান ভুট্টুর কাছ থেকে ১০ হাজার টাকা নেন। কিন্তু কমিটি গঠনের আলোচনায় তিনি হাজী ইদ্রিস আলীর নাম প্রস্তাব করেন। এরপর প্রধান শিক্ষক গোপনে হাজী ইদ্রিস আলীকে সভাপতি করে দাতা সদস্য, অভিভাবক সদস্য, ইউপি সদস্য, মহিলা বিদ্যোৎসাহী ও শিক্ষক প্রতিনিধি মনগড়াভাবে মনোনীত করে নুতন কমিটি গঠনের চূড়ান্ত তালিকা উপজেলা শিক্ষা অফিসে পাঠান। বিষয়টি জানতে পেরে সহকারী শিক্ষক বজির উদ্দিন, জান্নাতুন ফেরদৌস, বিউটি রানী সেন, জিয়াউর রহমান, সিরাজুল ইসলাম, আজগর আলীসহ এলাকাবাসী ক্ষিপ্ত হয়ে ওই মনগড়া কমিটির বিরুদ্ধে প্রতিবাদ জানান। কমিটি গঠনের ঘটনায় সহকারী শিক্ষক জান্নাতুন ফেরদৌসের সঙ্গে গত বৃহস্পতিবার প্রধান শিক্ষক নুরুল ইসলাম খানের হাতাহাতি ও জুতাপেটার ঘটনায় বিদ্যালয়ের কোমলমতি শিশু ছাত্রছাত্রীরা ভয়ে স্কুল ছেড়ে পালিয়ে যায়। এ বিষয়ে প্রধান শিক্ষক নুরুল ইসলাম খান জানান, প্রতিপক্ষ ছাত্রছাত্রীদের স্কুলে আসতে বাধা দিচ্ছে ও ভীতি প্রদর্শন করছে। তারা আমাকে গালমন্দসহ শারীরিকভাবে লাঞ্ছিত করেছে। উপজেলা শিক্ষা অফিসার এরশাদুল হক ও সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী শিক্ষা অফিসার খুরশিদা বেগম ঘটনাটির সত্যতা নিশ্চিত করেছেন।